



শিক্ষা শান্তি ঐক্য প্রগতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



মুলাদী সরকারি কলেজ মুলাদী, বরিশাল।

স্থাপিত: ১৯৭০ইং

কলেজ কোড: জাতীয়বিশ্বঃ- ১১২০, বরিশাল বোর্ড-১৯০০, কারিগরি বোর্ড-৪২১২২, EIIN- 101013

Mobile : 01716-194335, 01309-101013,

Website: www.muladicollege.edu.bd, E-mail: muladicollege@gmail.com

স্মারক নং: মুসক/একা-১৬/২০২৬/


তারিখঃ ০৬/০৫/২০২৬খ্রি.

"নোটিশ"

মুলাদী সরকারি কলেজের একাদশ শ্রেণি থেকে স্নাতক শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদেরকে এককালীন চিকিৎসা অনুদান প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছেন। নিম্নোক্ত শর্ত সাপেক্ষে (মে-জুন ২০২৬ প্রান্তের) আগামী ৩০/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

আবেদনের লিংক:-<https://www.eservice.pmeat.gov.bd/medical>

- মেধাবী হিসাবে শিক্ষার্থীর পূর্বের শ্রেণিতে শতকরা নূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত অথবা এসএসসি এইচএসসি বা সমমান পর্যায়ে জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ৩.৫০ এবং স্নাতক ও সমমান পর্যায়ে জিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ৩.০০ প্রাপ্তির কপি আপলোড করতে হবে;
- প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি- আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়নের কপি এবং অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক দরিদ্র' মর্মে প্রত্যয়নের কপি আপলোড করতে হবে;
- অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুইলক্ষ টাকার কম হতে হবে; এবং
- দুর্ঘটনার প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদের কপি আপলোড করতে হবে;
- কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই।


অধ্যক্ষ ০৬/০৫/২০২৬

মুলাদী সরকারি কলেজ

মুলাদী, বরিশাল।

মোঃ দেলোয়ার হোসেন

অধ্যক্ষ

মুলাদী সরকারি কলেজ

মুলাদী, বরিশাল।

মোবাইলঃ ০১৭১৬১৯৪ ৩৩৫